



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

বিজ্ঞপ্তি

স্মারক সংখ্যা : মাধ্য/পনি/৬৩/৩৫

তারিখ : ২৪/৬/২০১৮ খ্রি,

বিষয় : ২০১৮ সালের এসএসসি পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও টেবুলেশন শিট বিতরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে এসএসসি পরীক্ষার সকল কেন্দ্র সচিবকে জানানো যাচ্ছে যে, ২০১৮ সালের এসএসসি পরীক্ষার্থীদের একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও টেবুলেশন শিট নিম্নবর্ণিত “ছকে” উল্লিখিত তারিখে মাধ্যমিক পরীক্ষা বিভাগ হতে কেন্দ্রভিত্তিক বিতরণ করা হবে। বর্ণিত তারিখে আপনি অথবা আপনার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগ হতে উহা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ’ল।

কোন অবস্থাতেই চতুর্থ শ্রেণির কর্মচারীকে প্রতিনিধি হিসেবে প্রেরণ করা যাবে না। প্রেরিত প্রতিনিধির নমুনা স্বাক্ষর সত্যায়িত করে এসএসসি পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও টেবুলেশন শিট গ্রহণের ক্ষমতা প্রদান করতে হবে।


“ছক”

ক্রমিক নং	জেলার নাম	বিতরণের তারিখ
১	খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা ও মেহেরপুর জেলা	০৪-০৭-২০১৮
২	কুষ্টিয়া, যশোর, নড়াইল, ঝিনাইদহ ও মাগুরা জেলা	০৫-০৭-২০১৮

বিশেষ দ্রষ্টব্য :

এসএসসি/২০১৮ পরীক্ষার ফিস জমাদানের সোনালী সেবার রশিদের (বোর্ডের অংশ) মূল কপি ও ফটোকপি পূর্বেই সংগ্রহ করে কেন্দ্রভিত্তিক প্রতিষ্ঠানের তালিকা নিম্নোক্ত ছক অনুযায়ী প্রস্তুত করে মাধ্যমিক পরীক্ষা বিভাগে জমা দিয়ে একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও টেবুলেশন শিট গ্রহণ করতে হবে। কোন প্রতিষ্ঠানের ফিস জমাদানের রশিদ জমা না হলে একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও টেবুলেশন শিট সরবরাহ করা হবে না।

কেন্দ্রের নাম ও কেন্দ্র কোড :							
ক্রমিক নং	প্রতিষ্ঠানের নাম	এসএসসি/১৮ পরীক্ষার্থীর সংখ্যা		মোট ফিসের পরিমাণ	জমাকৃত ফিসের পরিমাণ	ফিস জমাদানের তারিখ	প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর
		বিলম্ব ফি ব্যতিত	বিলম্ব ফিসহ				
১	২	৩	৪	৫	৬	৭	৮



(মাধব চন্দ্র রুদ্দ)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর।

ফোন : ০৪২১-৬৮৬৬৬

মোবা : ০১৭৩৩-২২২০০৩

ই-মেইল : controller@jessoreboard.gov.bd

প্রাপক :

কেন্দ্র সচিব

অত্র বোর্ডের আওতাধীন সকল এসএসসি পরীক্ষা কেন্দ্র।

স্মারক সংখ্যা : মাধ্য/পনি/৬৩/২৯/৩৫

তারিখ : ২৪/৬/২০১৮ খ্রি,

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হ’ল :

১। অধ্যক্ষ/প্রধান শিক্ষক

অত্র বোর্ডের আওতাধীন সকল মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়।



(মোঃ জাহাঙ্গীর আলম)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক)

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর।

ফোন : ০৪২১-৬৫৫১০

মোবা : ০১৯১৪-৮২৮৮৫২